# বাংলাদেশ বার কাউন্সিল
# BANGLADESH BAR COUNCIL

(সরকারের একটি সংবিধিবদ্ধ স্বায়ত্তশাসিত সংস্থা যাহা ১৯৭২ সালে মহামান্য রাষ্ট্রপতির ৪৬নং আদেশ দ্বারা গঠিত)
(A Statutory Autonomous Body of the Government Constituted Under President's Order No. 46 of 1972)
Bar Council Bhaban 3, Shahid Capt. Mansur Ali Sarani, Shahbag, Dhaka-1000. Bangladesh
PHONE: PABX: 88-02-9567056, 9569807, 9569809, Fax: 88-02-9554959
E-mail: info@bangladeshbarcouncil.org,bangladeshbarcouncil@gmail.com
Web: www.bangladeshbarcouncil.org


স্মারক নং-বিবিসি/রেজিঃ/২০১৬/ ৪৩৫৬

তারিখঃ ৩১ অক্টোবর, ২০১৬ খ্রিস্টাব্দ
১৬ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ

## বেসরকারী বিশ্ববিদ্যালয় সম্পর্কিত
## জরুরী নোটিশ

**এতদ্বারা সংশ্লিষ্ট সকল বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে নিম্নলিখিত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা যাইতেছেঃ-**

(১) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক আইন অনুষদকে অনুমোদনের সময় শিক্ষার্থীর আসন সংখ্যা অনুমোদনের কপি ও আইন অনুষদ অনুমোদনের কপি বার কাউন্সিল বরাবর দাখিল করিবার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

(২) যে সকল বিশ্ববিদ্যালয় সেমিস্টার প্রতি ৫০ এর অধিক শিক্ষার্থী ভর্তি করিয়াছেন তাহারা ইউজিসি নির্ধারিত এই সংখ্যার অধিক সংখ্যক শিক্ষার্থী লইয়া কিভাবে শিক্ষাদান কার্যক্রম পরিচালনা করিয়াছেন, সেই সকল বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে এই বিষয়ে সুস্পষ্টভাবে লিখিত ব্যাখ্যা প্রদান করিতে বলা হইল।

(৩) ইতোপূর্বে বার কাউন্সিলের চাহিদানুযায়ী যে সকল বেসরকারী বিশ্ববিদ্যালয় বার কাউন্সিলে অঙ্গীকারনামা প্রদান করেন নাই বা প্রদান করিলেও প্রদত্ত নমুনা মোতাবেক প্রদান করেন নাই তাহাদেরকে যথাযথভাবে 'অঙ্গীকারনামা' প্রদান করিবার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল (নমুনা কপি সংযুক্ত)।

(৪) ইতোপূর্বে বার কাউন্সিলের চাহিদানুযায়ী যে সকল বেসরকারী বিশ্ববিদ্যালয় তাহাদের ল' গ্র্যাজুয়েটদের তালিকার (৪ বছর মেয়াদী অনার্স) কপিসমূহ (নমুনা মোতাবেক হার্ড-কপি ও সফট-কপি) প্রেরণ করিতে ব্যর্থ হইয়াছেন, সেই সকল বেসরকারী বিশ্ববিদ্যালয়কে যথাযথভাবে নমুনা মোতাবেক তালিকা সংকলনপূর্বক বার কাউন্সিলের প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল। **বিশেষভাবে উল্লেখ্য, যাহারা ইতোমধ্যেই উত্তীর্ণ শিক্ষার্থীদের তালিকা যথাযথভাবে বার কাউন্সিলে প্রেরণ করিয়াছেন তাহাদেরকে পুনরায় তালিকা প্রেরণ করিতে হইবে না।**

উপর্যুক্ত সকল তথ্যাদি (প্রযোজ্য ক্ষেত্রমতে) নথি আকারে আগামী খ্রিঃ ১০/১১/২০১৬ তারিখের মধ্যে বার কাউন্সিলে প্রেরণ করিতে হইবে। উক্ত তথ্য ও নথিসমূহ যথাসময়ে যথাযথভাবে প্রেরণ করিতে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বার কাউন্সিল হইতে রেজিস্ট্রেশন প্রদান করা সম্ভব হইবে না।

এখানে উল্লেখ্য যে, ইতোমধ্যে যে সকল বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বার কাউন্সিলের চাহিদা মোতাবেক যথাযথভাবে সকল প্রকার নথি ও তথ্যাদি সরবরাহ করিয়াছেন, সেই সকল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ধারাবাহিকভাবে পর্যায়ক্রমে রেজিস্ট্রেশন কার্ড প্রদান করা হইবে, সেই ব্যাপারে যথাসময়ে বার কাউন্সিলের অফিসিয়াল ওয়েব সাইটে (www.barcouncil.gov.bd) ও নোটিশ বোর্ডে প্রকাশ করা হইবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

Sd/-

(আ, ক, ম, জহুরুল আলম)
(সিনিয়র জেলা ও দায়রা জজ)
সচিব
বাংলাদেশ বার কাউন্সিল।

বিতরণঃ রেজিস্ট্রার, নর্থ সাউথ ইউনিভার্সিটি/ ইউনিভার্সিটি অভ সায়েন্স এন্ড টেকনোলজি চিটাগং/ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ/ইন্টারন্যাশনাল ইউনিভার্সিট অব বিজনেস এগ্রিকালচার এন্ড টেকনোলজি/ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি,চিটাগং, আহসানউল্লাহ ইউনিভার্সিটি/দি ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক/গণ বিশ্ববিদ্যালয়/দি পিপল'স ইউনির্ভার্সিটি অভ বাংলাদেশ/ ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ব্র্যাক ইউনিভার্সিটি/মানারত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/বাংলাদেশ ইউনিভার্সিটি/লিডিং ইউনিভার্সিটি/বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশ/সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ/প্রিমিয়ার ইউনিভার্সিটি/ সাউথইস্ট ইউনিভার্সিটি/ স্টামফোর্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ ড্যাফডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ ইবাইস ইউনিভার্সিটি/সিটি ইউনিভার্সিটি/প্রাইম ইউনিভার্সিটি/নদার্ন ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ সাউদার্ন ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ গ্রীণ ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ/শান্ত মরিয়ম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি/দি মিলেনিয়াম ইউনিভার্সিটি/ ইস্টার্ন ইউনিভার্সিটি/বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি/মেট্রোপলিটন ইউনিভার্সিটি/উত্তরা ইউনিভার্সিটি/ইউনাইটেড ইন্টান্যাশনাল ইউনিভার্সিটি /ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ ইউনিভার্সিটি অব সাউথ এশিয়া/প্রেসিডেন্সি ইউনিভার্সিটি/ ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি এন্ড সায়েন্স/ প্রাইম এশিয়া ইউনিভার্সিটি/রয়েল ইউনিভার্সিটি অব ঢাকা/ ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ/অতীশ দিপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ ইসলামী ইউনিভার্সিটি/আশা ইউনিভার্সিটি বাংলাদেশ/ ইস্ট ডেল্টা ইউনিভার্সিটি, চিটাগং, সেন্ট্রাল উইমেন্ট ইউনিভার্সিটি/ ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ বরেন্দ্র ইউনিভার্সিটি/হামদর্দ ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজি/নর্থ ইস্ট বিশ্ববিদ্যালয়/ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ঈশাখাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ/জেড.এইচ. সিকদার সায়েন্ট এন্ড টেকনোলজি/ এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয়/ নর্থ ওয়েস্ট ইউনিভার্সিটি/ খাজা ইউনুস আলী ইউনিভার্সিটি/সোনারগাঁও ইউনিভার্সিটি /ফেনী ইউনিভার্সিটি/ব্রিটানিয়া ইউনিভার্সিটি/ পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্স/চিটাগং ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি/নটরডেম ইউনিভার্সিটি/টাইমস ইউনিভার্সিটি বাংলাদেশ/ নর্থ বেঙ্গল ইন্টান্যাশনাল ইউনিভার্সিটি/ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/রাজশাহী সায়েন্স এন্ড টেকনোলজি/শেখ ফজিলাতুন্নেছা মুজিব ইউনিভার্সিটি/ কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ রণদা প্রসাদ সাহা ইউনিভার্সিটি/জার্মান ইউনিভার্সিটি অব বাংলাদেশ এবং আইন অনুষদ রহিয়াছে এমন অন্যান্য বেসরকারী বিশ্ববিদ্যালয়।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। উপ-সচিব, বাংলাদেশ বার কাউন্সিল।
২। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, এনরোলমেন্ট শাখা, বাংলাদেশ বার কাউন্সিল।
৩। সহকারী পরিচালক (প্রশাসন, অঃ দাঃ), বাংলাদেশ বার কাউন্সিল।
৪। সহকারী পরিচালক (আইটি), বাংলাদেশ বার কাউন্সিল।
৫। অফিস কপি।

31-10-16
(সারমিন সুলতানা রাব্বী)
সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রেশন শাখা
বাংলাদেশ বার কাউন্সিল।

# বাংলাদেশ বার কাউন্সিল
# BANGLADESH BAR COUNCIL

(সরকারের একটি সংবিধিবদ্ধ সংস্থা যাহা ১৯৭২ সালে মহামান্য রাষ্ট্রপতির ৪৬ নং আদেশ দ্বারা গঠিত)
A Statutory Body of the Government Constituted Under President's Order No. 46 of 1972
Bar Council Bhaban, 3, Shahid Capt. Mansur Ali Swarani, Shahbag, Dhaka-1000, Bangladesh
PHONE : PABX : 88-02-9567056, 9569807, 9569809, Fax: 88-02-9554959
E-mail : info@barcouncil.gov.bd, bangladeshbarcouncil@gmail.com
Web : www.barcouncil.gov.bd


## ল' গ্র্যাজুয়েটদের তালিকা (নমুনা ছক)

[ সফট কপি- এক্সেল ফরমেট অনুযায়ী (bangladeshbarcouncil.reg@gmail.com) ই-মেইলে/পেন ড্রাইভে প্রেরণ করতে হবে ]

[ হার্ড কপি- সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, শাহবাগ, ঢাকা-১০০০ বরাবর প্রেরণ করতে হবে ]

| SL NO. | CANDIDATE NAME | FATHER'S NAME | MOTHER'S NAME | UNIVERSITY ID | SESSION | PASSING YEAR | TITLE (HONS) | RESULT/GPA | REMARKS |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

---

(অঙ্গীকারনামার নমুনা)
২০০/- টাকার ননজুডিসিয়াল স্ট্যাম্পে

বরাবর

সচিব
বাংলাদেশ বার কাউন্সিল
শাহবাগ, ঢাকা-১০০০।

## অঙ্গীকারনামা

আমি/আমরা ..................................................................... বিশ্ববিদ্যালয়ের পক্ষে এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ইউজিসি অনুমোদিত ক্যাম্পাস হইতে উত্তীর্ণ ল' গ্রাজুয়েটদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ও রেজিস্ট্রার কর্তৃক সত্যায়ন পূর্বক বার কাউন্সিলে হার্ড কপি ও সফট কপি প্রেরণ করিব। আরও অঙ্গীকার করিতেছি যে, বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এবং এ বিষয়ে সরকারের সর্বশেষ আইন ও নির্দেশনা অনুসরণ করিয়া আইন শিক্ষা কার্যক্রম পরিচালনা করিব, উচ্চ মাধ্যমিক ফল প্রকাশের পর বছরে সর্বোচ্চ ১৫০ জনের (সেমিস্টার প্রতি ৫০ জন) বেশী শিক্ষার্থী ল' গ্রাজুয়েশন কোর্সে ভর্তি করাইব না এবং উক্ত ভর্তিকৃত তালিকা সত্যায়ন পূর্বক বার কাউন্সিলে দাখিল করিব এবং গ্রাজুয়েশন সম্পন্ন হইবার পর পুনরায় ল' গ্রাজুয়েটদের তালিকা বার কাউন্সিলে সত্যায়ন পূর্বক প্রেরণ করিব। এলএল.বি(পাশ) কোর্স ব্যতীত শুধুমাত্র এলএল.বি (সম্মান) কোর্সে শিক্ষার্থী ভর্তি করাইব এবং আইন শিক্ষার বিষয়ে বাংলাদেশ বার কাউন্সিলের সকল নির্দেশনা মান্য করিব এবং বার কাউন্সিল প্রেরিত পরিদর্শক দলকে বিশ্ববিদ্যালয় পরিদর্শনের সময় সর্বাত্মক সহযোগিতা করিব।

ভাইস চ্যান্সেলর

রেজিস্ট্রার